



সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

এসএফডি সার্কুলার লেটার নং : ০৪

আগস্ট ০৮, ২০১৭

তারিখ : -----

শ্রাবণ ২৪, ১৪২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা কার্যক্রমের (সিএসআর) আওতায় পথ শিশু ও কর্মজীবী শিশু-কিশোরদের শিক্ষা/কারিগরি শিক্ষা/আর্থিক শিক্ষা প্রদান এবং ব্যাংক হিসাব খোলা ও পরিচালনা সংক্রান্ত ব্যয় প্রসঙ্গে।

বাংলাদেশ ব্যাংকের ডিসেম্বর ২২, ২০১৪ তারিখের জিবিসিএসআরডি সার্কুলার নং- ০৭ এবং মার্চ ০৯, ২০১৪ তারিখের বিআরপিডি সার্কুলার নং -০৫ এর প্রতি আপনাদের মনোযোগ আকর্ষণ করা যাচ্ছে।

আর্থিক অন্তর্ভুক্তিমূলক কার্যক্রমের আওতায় বাংলাদেশ ব্যাংকের গৃহীত পদক্ষেপগুলোর মধ্যে ব্যাংক ও এনজিও লিংকেজের মাধ্যমে সামাজিক ও আর্থিক অধিকার বঞ্চিত পথ শিশু ও কর্মজীবী শিশু-কিশোরদের জন্য ব্যাংকিং সেবা প্রদান কার্যক্রম একটি উল্লেখযোগ্য পদক্ষেপ। ব্যাংকিং ও আর্থিক সেবার মাধ্যমে শিশু-কিশোরদের সমাজের মূল শ্রেণিতে নিয়ে আসা তথা দেশের ভবিষ্যৎ যোগ্য নাগরিক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে এ কার্যক্রম যাতে আরো বেশী সম্পৃক্ত হতে পারে সে প্রেক্ষিতে পথ শিশু ও কর্মজীবী শিশু-কিশোরদের শিক্ষা/কারিগরি শিক্ষা/আর্থিক শিক্ষা প্রদান এবং ব্যাংক হিসাব খোলা ও পরিচালনা সংক্রান্ত ব্যয় সিএসআর কার্যক্রমের আওতায় নির্বাহ করার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

উল্লেখ্য, এ বিষয়ক ব্যয় ১০ জুন, ২০১৫ তারিখের সার্কুলার লেটার নং-০৬ এর মাধ্যমে জারীকৃত ফরম্যাট এর '**Community Investment**' খাতের প্রযোজ্য উপখাতে প্রদর্শন করার জন্যও আপনাদেরকে নির্দেশনা দেয়া হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

মনোজ কুমার বিশ্বাস

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০৩২০

E-mail: manoj.biswas@bb.org.bd